

প্রিয় পিতামাতা অথবা অভিভাবক:

আপনার সন্তান সম্ভবত স্কুলে ১৯৭৩ সালের পুনর্বাসন আইনের ৫০৪ ধারার আওতায় স্কুল স্বাস্থ্য পরিষেবা এবং/অথবা সুযোগসুবিধা লাভ করার যোগ্য। সহায়তা পরিষেবা বা যুক্তিসঙ্গত স্থানসংকুলান ও পরিষেবা ব্যতীত যেসব বিশেষ স্বাস্থ্য চাহিদায়ুক্ত শিক্ষার্থী যাদের স্কুলে উপস্থিত হতে কিংবা নিয়মিত স্কুল কার্যক্রমে অংশগ্রহণে বেগ পেতে হয়, তাদেরকে যুক্তিসঙ্গত স্বাস্থ্য সুযোগসুবিধা প্রদান করে। যেমন, চিকিৎসাধীন শিক্ষার্থীদের ওষুধ দেয়া অথবা দৃষ্টি ও শ্রবণ প্রতিবন্ধীদের ব্ল্যাকবোর্ডের কাছাকাছি বসানোর ব্যবস্থা করা হতে পারে।

কীভাবে জানবেন আপনার সন্তান চিকিৎসা পরিষেবা কিংবা ৫০৪ ধারার সুযোগসুবিধা লাভের যোগ্য?

১. স্কুল প্রিন্সিপ্যালের সাথে অথবা নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশনের সাথে (212) 374-6097 নম্বরে যোগাযোগ করুন। আপনার সন্তানের নাম স্কুল ও শ্রেণিকক্ষ উল্লেখ করুন। আপনার সন্তানের বিশেষ চাহিদাগুলোর বর্ণনা দিন এবং তার কী ধরনের ও কত ঘন ঘন সাহায্য দরকার হয় সে কথা বলুন।
২. আপনার সন্তানের জন্য এইসব পরিষেবা পেতে হলে আপনাকে যেসব পদক্ষেপ নিতে হবে সেগুলো প্রিন্সিপ্যাল আপনাকে বুঝিয়ে বলবেন।
৩. আপনি প্রয়োজনীয় তথ্য সরবরাহ করার পর, ডিপার্টমেন্ট অব হেলথ এবং ডিপার্টমেন্ট অব এডুকেশন আপনার পরিষেবা লাভের অনুরোধটির মূল্যায়ন করবে। স্কুলভিত্তিক ৫০৪ টিম বৈঠকের সময় নির্ধারণ করে আপনাকে বৈঠকে অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানাবে। বৈঠকে ৫০৪ টিম, যার অন্তর্ভুক্ত পিতামাতা/অভিভাবকেরাও, সিদ্ধান্ত নেবে আপনার সন্তান স্বাস্থ্য পরিষেবা এবং/অথবা ৫০৪ ধারার সুযোগসুবিধা পাবে কি না। আপনাকে ৩০ দিনের মধ্যে সিদ্ধান্তের কথা জানিয়ে দেয়া হবে।

সংযুক্ত বিজ্ঞপ্তিটিতে আপনার সন্তানের অধিকার সম্পর্কে বিশদ বর্ণনা রয়েছে। আপনার যদি এ ধরনের পরিষেবা সম্পর্কে কোন প্রশ্ন থাকে, তাহলে আপনার সন্তানের প্রিন্সিপ্যালকে জিজ্ঞাসা করুন অথবা ডিপার্টমেন্ট অব এডুকেশনে (212) 374-6097 নম্বরে ফোন করুন।

আপনার বিশস্ত,